ঝিনাইদহে গোয়েন্দা পুলিশ ৫ কেজি ৭’শ গ্রাম রুপা ও ২২ লাখ টাকাসহ ২ জন আটক করে

ঝিনাইদহ সদর উপজেলার ভেটেরিনারী কলেজের সামনে থেকে পাচারের সময় ৫ কেজি ৭’শ গ্রাম রুপা ও ২২ লাখ টাকাসহ ২ জন আটক গোয়েন্দা পুলিশ।

বুধবার দুপুরে সদর উপজেলার হলিধানী এলাকা থেকে তাদের আটক করা হয়। আটককৃতরা হলো-মানিকগঞ্জ উপজেলার সিংগাইল উপজেলার গোবিন্দল গ্রামের মৃত রাজা মিয়ার ছেলে তোফাজ্জেল হোসেন (৪০) ও একই গ্রামের আনোয়ার হোসেনের ছেলে আমিনুল ইসলাম (২০)।

ঝিনাইদহ ডিবি ওসি আনোয়ার হোসেন জানান, গোপন সংবাদের ভিত্তিতে তারা জানতে পারে মেহেরপুর থেকে ঝিনাইদহ হয়ে রুপা ঢাকায় পাচার হচ্ছে। এমন সংবাদের ভিত্তিতে ডিবি ইন্সপেক্টর নজরুল ইসলাম, এস আই আব্দুল আলিম, এস আই সেলিম রেজা, এএসআই আলিম সঙ্গীয় ফোর্স নিয়ে হলিধানী এলাকার ভেটেরিনারী কলেজের সামনে চেকপোস্ট বসায় পুলিশ। সন্দেহ হলে একটি মোটর সাইকেলের গতিরোধ করে মোটর সাইকেলের ২ আরোহীকে তল্লাসী করে। এসময় তাদের কাছ থেকে ৫ কেজি ৭’শ গ্রাম রুপা ও ২২ লাখ নগদ টাকা উদ্ধার করা হয়।

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের কার্পাসডাঙ্গা টু মুজিবনগর

পাকা রাস্তাটির বেহালদশা

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের, কার্পাসডাঙ্গা টু মুজিবনগর পাকা সড়কের কার্পাসডাঙ্গা তেল পাম্প হতে আরামডাঙ্গা বটতলা পর্যন্ত পাকা সড়কটির বেহালদশা লক্ষ্য করা গেছে।

সড়কটির উপর মাত্র কয়েক মিটার খানাখন্দে ভরে যাওয়ার কারণে যানবাহন চলাচল অত্যন্ত ঝুঁকিপূর্ণ হয়ে পড়েছে। দেখে মনে হয় যেন এটা রাস্তা না, মাছ চাষের পুকুর, ফলে সড়কটিতে প্রায়শই ঘটে থাকে সড়ক দুর্ঘটনা। অথচ এই সড়কটি কার্পাসডাঙ্গা ইউনিয়ন বাসীর রাজধানীসহ দেশের বিভিন্ন অঞ্চলের সাথে যোগাযোগের প্রধান সড়ক।

প্রতিদিন এই সড়কটির উপর দিয়েই হাজার হাজার যানবাহন চলাচল করে থাকে। কিন্তু সড়কটি মাসের পর মাস বছরের পর বছর জুড়ে খানাখন্দ হয়ে রয়েছে। থাকার কারণে যানবহন চলাচলসহ জনজীবন অতিষ্ঠ হয়ে ওঠে। পরিবহন চালকদের প্রতিনিয়ত ঝুঁকি বহন করতে হয়।

পাশাপাশি ছোটখাটো দুর্ঘটনা লেগেই থাকে। কারো ইজিবাইক পাল্টি খায় কারো মালবাহী গাড়ি আবার কারো বা মোটরসাইকেল। মাত্র কয়েক মিটার সড়কের এই অবস্থা, আসন্ন বর্ষা মৌসুমের পূর্বে সংস্করণ করা না হলে পরিস্থিতি আরো ভয়াবহ রূপ ধারণ করবে বলে ওই এলাকায় জনসাধারণ ও নিয়মিত যাতায়াত চালকগণ জানিয়েছেন।

মেহেরপুরে করোনা উপসর্গ নিয়ে গৃহবধূর মৃত্যু

মেহেরপুর জেনারেল হাসপাতালে করোনাভাইরাসের উপসর্গ নিয়ে ফাতেমা খাতুন (৩০) নামের এক নারীর মৃত্যু হয়েছে। বুধবার দুপুর ১২ টার দিকে তার মৃত্যু হয়। মৃত ফাতেমা খাতুনের বাড়ি সদর উপজেলার ময়ামারী গ্রামে।

মৃত্যুর পর নমুনা সংগ্রহ করে ল্যাবে পরীক্ষায় পাঠিনো হয়েছে বলে

জানান সিভিল সার্জন নাসিরউদ্দিন।

মেহেরপুর জেনারেল হাসপাতালের আরএমও মখলেছুর রহমান জানান, ওই নারী সর্দি, জ্বর ও শ্বাসকষ্ট নিয়ে আজ সকালে হাসপাতালে ভর্তি হন। করোনাভাইরাস সংক্রমিত হতে পারে সন্দেহে তাকে আইসোলেশন ওয়ার্ডে ভর্তি করে চিকিৎসা দেয়া হছচ্ছিল। দুপরে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

মেপ্র/এমএফআর

গাংনী বামুন্দীর সুন্দরী হত্যার রহস্য উদঘাটন করায় ডিবি ওসিকে পুরুষ্কার প্রদান

মেহেরপুর জেলার গাংনী উপজেলার বামুন্দীতে সুন্দরী খাতুন হত্যার রহস্য উদঘাটন করায় জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলীকে পুরষ্কার দিয়েছে পুলিশ সুপার।

বুধবার বিকালে জেলা পুলিশ লাইনস এ অনুষ্ঠিত মাসিক কল্যান সভায় পুরুষ্কার হিসেবে নগদ অর্থ তুলে দেন পুলিশ সুপার এস এম মুরাদ আলী।

এসময় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার শেখ জাহিদুল ইসলাম (পুলিশ সুপার পদমর্যাদা), অতিরিক্ত পুলিশ সুপার মোস্তাফিজুর রহমান, সহকারী পুলিশ সুপার হাসিবুল আলম।

মেপ্র/এমএফআর

চুয়াডাঙ্গার দামুড়হুদায় আলমসাধু থেকে ছিটকে পড়ে মাছ ব্যবসায়ীর মৃত্যু

চুয়াডাঙ্গার দামুড়হুদায় আলমসাধু থেকে ছিটকে পড়ে আনারুল ইসলাম নামে এক মাছ ব্যবসায়ীর মৃত্যু হয়েছে।
রোববার (১৪ জুন) বেলা ১১ টায় উপজেলার হোগলডাঙ্গা গ্রামে এই দুর্ঘটনা ঘটে। নিহত আনারুল ইসলাম (৪৫) হোগলডাঙ্গা গ্রামের হানেফ আলীর ছেলে।
স্থানীয়রা জানান, সকালে মাছ বিক্রির জন্য আলমসাধুযোগে বাজারে যাচ্ছিলেন আনারুল। এ সময় বেলা ১১টার দিকে গ্রামের মোড়ে পৌঁছালে আলমসাধুর পিছনের চাকা খুলে যায়। এতে আলমসাধু থেকে মাছের ড্রামসহ ছিটকে পড়ে একটি গাছের সাথে ধাক্কা লেগে গুরুতর জখম হন আনারুল। তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষনা করেন। দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল খালেক বিষয়টি নিশ্চিত করেছেন।

কোটচাঁদপুরে ৩০৫পিচ ইয়াবা সহ মাদক ব্যবসায়ী আটক

ঝিনাইদহের কোটচাঁদপুরে ৩’শ ৫পিচ ইয়াবাসহ আহাদ আলী (২৪) নামে এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে র্যাপিড এ্যাকশান ব্যাটেলিয়ন (র্যাব)। মঙ্গলবার (১৬জুন) রাতে শহরের পোষ্ট অফিস মোড় এলাকা থেকে তাকে আটক করা হয়। আটককৃত মাদক ব্যবসায়ী যুবক পৌর শহরের হাসপাতাল এলাকার আক্কাস আলীর ছেলে।

কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম জানান, মঙ্গলবার (১৬জুন) রাতে ৩’শ ৫ পিচ ইয়াবাসহ আহাদকে আটক করে র্যাব । পরে রাত ১০টার দিকে র্যাব তাকে থানা পুলিশের কাছে হস্তান্তর করে। ওসি জানান, আটক মাদক কারবারি যুবকের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে। বুধবার তাকে জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

[redacted]

[redacted]

গাংনী প্রাথমিক শিক্ষা অফিসার আলাউদ্দীন জানান, কিন্ডার গার্টেন স্কুল গুলি আমাদের অর্ন্তভুক্ত নয়। ওরা এসাসিয়েশন ভুক্ত। বিধায় ওদের আমরা কন্ট্রেল করতে পারিনা। ওদেরকে এসোসিয়েশন নিয়ন্ত্রণ করবে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার রেজা মোহাম্মদ সেলিম শাহনেওয়াজ বলেন আমি বিষয়টি দেখছি।

মেপ্র/এমএফআর

কুমারখালীতে বজ্রপাতে নিহত তিন পরিবারকে অর্থ সহায়তা

কুষ্টিয়া প্রতিনিধি: কুমারখালীতে বজ্রপাতে মারা যাওয়া ৩টি পরিবারের সদস্যকে অর্থ সহায়তা দিয়েছে উপজেলা প্রশাসন। উপজেলা নির্বাহী কর্মকর্তা রাজিবুল ইসলাম খান, তার কার্যালয়ে নিহত প্রত্যেক পরিবারের সদস্যদের হাতে নগদ ১০ হাজার টাকা তুলেন দেন। কুমারখালীতে চার দিনের ব্যবধানে বজ্রপাতে নিহত হয় ৩ জন। গত ৪ জুন বৃহস্পতিবার বিকাল ৩ টার সময় উপজেলার সাদিপুর ইউনিয়নের ঘোষপুর পদ্মার চর এলাকায় মাঠে গরুর চরাতে গিয়ে ফারুক মন্ডল এবং সদরপুর মাঠে ধান কাটতে গেলে শফি মন্ডল নামে দুই কৃষক বজ্রপাতে তারা মারা যান । চার দিনের ব্যবধানে নন্দলালপুর ইউপির কাশিমপুর বাঁশআড়া গ্রামের কিশোর সাগর হোসেন (১১) বজ্রপাতে মারা যায় ।
এদিকে জেলা প্রশাসন থেকেও স্বজন হারানো পরিবারের সদস্যকে সহায়তা দেয়া হবে বলে জানা গেছে।

কুষ্টিয়ার দৌলতপুরে গাঁজাসহ

নারী মাদক ব্যাবসায়ী আটক

কুষ্টিয়ার দৌলতপুরে ৪০০ গ্রাম গাঁজা সহ মোছাঃ শ্যামলী খাতুন
(৩৫) নামে এক মাদক ব্যাবসায়ীকে আটক করেছে পুলিশ।
মঙ্গলবার বিকালে দৌলতপুর থানার সাদীপুর গ্রামস্থ জনৈক মোঃ জানবার শেখের বাঁশ ঝাড়ের নিচে কাঁচা রাস্তার উপর থেকে তাকে আটক করা হয়।
আটককৃত শ্যামলী খাতুন দৌলতপুর থানার সাদীপুর এলাকার -মোঃ কামাল মালিথার স্ত্রী।
দৌলতপুর থানার অফিসার ইনচার্জ এস,এম আরিফুর রহমান জানান, গোপন সংবাদের ভিত্তিতে বিকেলে অভিযান চালিয়ে শ্যামলী খাতুন নামে এক নারীকে ৪শ গ্রাম গাঁজা সহ তাকে আটক করা হয়েছে। তার বিরুদ্ধে মামলা দায়ের হয়েছে।

দেশে একদিনে রেকর্ড করোনা রোগী শনাক্ত, মৃত্যু ৪৩

দেশে করোনাভাইরাস সংক্রমিত কোভিড-১৯ আক্রান্ত রোগীর সংখ্যা বেড়েই চলেছে। গত ২৪ ঘণ্টায় রেকর্ডসংখ্যক করোনা রোগী শনাক্ত হয়েছে। ২৪ ঘণ্টায় শনাক্ত হয়েছে ৪ হাজার ৮ জন। করোনায় মৃত্যু হয়েছে ৪৩ জনের এবং সুস্থ হয়ে উঠেছে ১ হাজার ৯২৫ জন।

আজ বুধবার দুপুর আড়াইটায় মহাখালী থেকে স্বাস্থ্য অধিদপ্তরের নিয়মিত অনলাইন স্বাস্থ্য বুলেটিনে এ তথ্য জানান স্বাস্থ্য অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) অধ্যাপক নাসিমা সুলতানা।

তিনি বলেন,‘আমরা গত ২৪ ঘণ্টায় ৫৯টি পরীক্ষাগারে নমুনা সংগ্রহ হয়েছে ১৮ হাজার ৯২২টি। আর নমুনা পরীক্ষা হয়েছে ১৭ হাজার ৫২৭টি। মোট নমুনা পরীক্ষা হয়েছে ৫ লাখ ৫১ হাজার ২৪৪টি। ২৪ ঘণ্টায় এই সংগৃহীত নমুনা থেকে শনাক্ত রোগী পেয়েছি ৪ হাজার ৮ জন। এ পর্যন্ত শনাক্ত ৯৮ হাজার ৪৮৯ শনাক্তের হার ২২ দশমিক ৮৭ শতাংশ।’

অধ্যাপক নাসিমা বলেন, ‘২৪ ঘণ্টায় সুস্থ হয়েছে ১ হাজার ৯২৫ জন।

মোট সুস্থ হয়েছে ৩৮ হাজার ১৮৯ জন। শনাক্ত বিবেচনায় সুস্থতার হার ৩৮ দশমিক ৭৭ শতাংশ। গত ২৪ ঘণ্টায় মৃত্যুবরণ করেছে ৪৩ জন। এ পর্যন্ত মৃত্যু দাঁড়ালো ১ হাজার ৩০৫ জন। শনাক্ত বিবেচনায় মৃত্যুর হার ১ দশমিক ৩৩ শতাংশ। মৃত্যু বিশ্লেষণে পুরুষ ২৮ জন এবং নারী ১৫ জন।’

advertisement
বয়স বিশ্লেষণে করে তিনি বলেন, ‘০ থেকে ১০ বছরের মধ্যে ১ জন, ১১ থেকে ২০ বছর ১ জন, ২১ থেকে ৩০ বছর ১ জন, ৩১ থেকে ৪০ বছর ৪ জন, ৪১ থেকে ৫০ বছর ৪ জন, ৫১ থেকে ৬০ বছর ৯ জন, ৬১ থেকে ৭০ বছর ১২ জন, ৭১ থেকে ৮০ বছর ৯ জন এবং ৮১ থেকে ৯০ বছরের মধ্যে ২ জন মারা গেছে।’

‘তাদের মধ্যে ঢাকা বিভাগে ২১ জন, চট্টগ্রাম বিভাগে ১২ জন, রাজশাহী বিভাগে ৪ জন, খুলনা বিভাগে ২ জন, সিলেট বিভাগে ১ জন, ময়মনসিংহ বিভাগে ২ জন এবং রংপুর বিভাগে ১ জন মৃত্যুবরণ করেছে। তাদের মধ্যে হাসপাতালে ২৭ জন, বাসায় ১৫ জন মারা গেছে এবং ১ জন হাসপাতালে মৃত অবস্থায় এসেছে’ বলেও জানান স্বাস্থ্য অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক।

এর আগে মঙ্গলবার করোনাভাইরাসে আক্রান্ত হয়েছিল ৩ হাজার ৮৬২ জন, মারা যায় ৫৩ জন। তার আগের দিন সোমবার করোনায় আক্রান্ত হয়েছিল ৩ হাজার ৯৯ জন, মৃত্যু হয় ৩৮ জনের।

বাংলাদেশে করোনাভাইরাসের সংক্রমণ প্রথম শনাক্ত হয় গত ৮ মার্চ। আর গত ১৮ মার্চ করোনাভাইরাসে আক্রান্ত হয়ে প্রথম একজনের মৃত্যু হয়। এরপর থেকে দিনে দিনে এর সংক্রমণ ও মৃত্যুর সংখ্যা বেড়েছে।